গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, ভোলা।
(আইসিটি শাখা)
www.bhola.gov.bd

জেলা ইনোভেশন টিম অক্টোবর, ২০২২ মাসের সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | নূর মোহাম্মদ হোসাইনী<br>অতিরিক্ত জেলা প্রশাসক<br>(শিক্ষা ও আইসিটি)<br>ভোলা। |
| স্থান | : | জেলা প্রশাসক, ভোলা এর সম্মেলন কক্ষ। |
| তারিখ | : | ৩০/১০/২০২২ খ্রি. |
| সময় | : | বেলা ১১.০০ ঘটিকা। |

সভায় উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা সংশ্লিষ্ট রেজিস্টারে রক্ষিত:

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। প্রথমে বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয়। ইনোভেশন কার্যক্রম জোরদার করার লক্ষ্যে ইনোভেশন কমিটির সদস্যদের কার্যকর ব্যাবস্থা গ্রহণের লক্ষ্যে নতুন নতুন উদ্ভাবনী আইডিয়া প্রদানের আহ্বান জানান। সভাপতি জেলা ও উপজেলার বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ প্রণয়নের বিষয়ে আলোচনা করেন। তিনি আরো বলেন, মন্ত্রিপরিষদ বিভাগ থেকে ইনোভেশন অগ্রগতি মূল্যায়ন সংক্রান্ত তথ্য চাওয়া হয়। উক্ত তথ্য যথাযথভাবে প্রেরণ করার নিমিত্ত জেলা এবং উপজেলা ইনোভেশন টিমকে অধিক তৎপর হতে হবে। অত:পর নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১। | জেলা ইনোভেশন টিম কর্তৃক নতুন নতুন ইনোভেশন আইডিয়া গ্রহণ। | জেলা ইনোভেশন টিম কর্তৃক নতুন নতুন ইনোভেশন আইডিয়া গ্রহণ করতে হবে। | জেলা ইনোভেশন টিম। |
| ০২। | ওয়েব পোর্টালে তথ্য হালনাগাদ ও আপলোডকরণ। | জেলা এবং উপজেলা পোর্টালের প্রতিটি লিংকে যথাযথ তথ্য হালনাগাদ ও আপলোড করতে হবে। | ১। জেলা পর্যায়ের সকল কর্মকর্তা<br>২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), ভোলা।<br>৩। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, সদর কার্যালয়, ভোলা। |
| ০৩। | ই-ফাইল (নথি): ভোলা জেলা ই-ফাইলিং (নথি) কার্যক্রমে বি ক্যাটাগরীর জেলা সমূহের মধ্যে ১০ম স্থানে ছিল। ২০২২ খ্রি. থেকে চলমান তথ্য পাওয়া যায়নি। | ডিসেম্বর, ২০২২ মাসের ই-ফাইল (নথি) কার্যক্রম সম্পূর্ণরূপে চালু করে অবস্থান উন্নয়নের ব্যবস্থা করতে হবে। কমপক্ষে বি ক্যাটাগরীতে (১-৫) আনার ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, ভোলা। |
| ০৪। | উপজেলা ইনোভেশন টিমের বার্ষিক কর্মপরিকল্পনা অনুসারে ব্যবস্থা গ্রহণ। | উপজেলা ইনোভেশন টিমসমূহ কর্মপরিকল্পনা বাস্তবায়নপূর্বক ইনোভেশন টিমের কার্যবিবরণী প্রতি মাসের শেষ কর্মদিবসের আগেই জেলা প্রশাসকের কার্যালয়ে প্রেরণ করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার (সকল), ভোলা। |
| ০৫। | উপজেলা বিভিন্ন অফিস থেকে উদ্ভাবনী আইডিয়া প্রেরণ। | উপজেলা পর্যায়ে বিভিন্ন অফিসে নাগরিক সেবা প্রদানের জন্য উদ্ভাবনী আইডিয়া গ্রহণ করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার (সকল), ভোলা। |

| | | | |
|---|---|---|---|
| ০৬। | মাল্টিমিডিয়া ক্লাসরুমের অগ্রগতি বৃদ্ধিকরণ। | জেলা ও উপজেলার প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে মাল্টিমিডিয়া ক্লাসরুমের মাধ্যমে পাঠদান নিশ্চিত করার জন্য জেলা শিক্ষা অফিসার প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন। | জেলা শিক্ষা অফিসার, ভোলা। |
| ০৭। | চলমান উদ্ভাবনী আইডিয়া পরিদর্শন | এ জেলায় বর্তমানে চলমান উদ্ভাবনী আইডিয়াগুলো সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানসহ জেলা ও উপজেলা ইনোভেশন টিমের কর্মকর্তাগণ মনিটর করবেন। | সংশ্লিষ্ট সকল কর্মকর্তা। |
| ০৮। | উদ্ভাবনী উদ্যোগ সমূহ: | বর্তমানে এ জেলায় চলমান উদ্ভাবনী উদ্যোগ সমূহ যেন মাঠ পর্যায়ে সঠিকভাবে বাস্তবায়ন /পাইলটিং করা হয় সে বিষয়ে সংশ্লিষ্ট উদ্যোক্তাদের অনুরোধ করা হয় এবং তাদের অগ্রগতির প্রতিবেদন প্রতি মাসে জেলা ইনোভেশন কমিটির নিকট প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>বর্তমানে এ জেলায় চলমান উদ্ভাবনী উদ্যোগ ও উদ্যোক্তা:<br>১) পতিত পুকুরে হবে বাড়তি আয় সাথে চিত্তবিনোদন - জেলা প্রশাসন, ভোলা।<br>২) ওয়ারেন্ট তামিল বৃদ্ধি ও পুলিশ সদস্যর অনৈতিক সুবিধা রোধকল্পে একটি এ্যাপস তৈরী: পুলিশ সুপার, ভোলা।<br>৩) কম্পোস্ট সার উৎপাদন ও ব্যবহার জনাব মোঃ আল নোমান উপজেলা নির্বাহী অফিসার, চরফ্যাশন, ভোলা।<br>৪) অনলাইনে কৃত্রিম প্রজনন সেবা ট্র্যাকিং পদ্ধতি- উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা তজুমদ্দিন, ভোলা।<br>৫) সকল শিক্ষা প্রতিষ্ঠানের টয়লেটগুলো যথাযথ সংস্কার বা নির্মাণ- জেলা প্রশাসন/জেলা শিক্ষা অফিস, ভোলা।<br>৬) ODOW Mirror ( One Day One Word Mirror)- এজাজুল হক, সহকারী উপজেলা শিক্ষা অফিসার, ভোলা সদর, ভোলা।<br>৭) উপজেলা পর্যায়ে সরকারি ভাতাভোগীদের তথ্য ভান্ডার- মিঠুন চক্রবর্ত্তী সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, ভোলা সদর, ভোলা। | ১) জেলা প্রশাসন, ভোলা।<br>২) জনাব মোঃ আল নোমান উপজেলা নির্বাহী অফিসার, চরফ্যাশন, ভোলা।<br>৩) উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা তজুমদ্দিন, ভোলা।<br>৪) জেলা শিক্ষা অফিস, ভোলা।<br>৫) সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, ভোলা সদর, ভোলা। |

অত:পর আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে পুনরায় ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(নূর মোহাম্মদ হোসাইনী)
অতিরিক্ত জেলা প্রশাসক
(শিক্ষা ও আইসিটি), ভোলা।
ই-মেইল: muladiuno@gmail.com

স্মারক নং: ০৫.১০.০৯০০.০২৩.০২.০০০.২২- ১৭০ তারিখ: /১১/২০২২ খ্রি.

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২) সিনিয়র সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।

৩) বিভাগীয় কমিশনার, বরিশাল বিভাগ, বরিশাল।

৪) প্রকল্প পরিচালক, এসপায়ার টু ইনোভেট প্রোগ্রাম (এটুআই) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, ঢাকা।

৫) জেলা প্রশাসক, ভোলা।

৬) পুলিশ সুপার, ভোলা।

৭) জেলা শিক্ষা অফিসার, ভোলা।

৮) উপজেলা নির্বাহী অফিসার (সকল), ভোলা।

৯) সহকারী প্রোগ্রামার, জেলা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, ভোলা।

১০) উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, তজুমদ্দিন, ভোলা।

অতিরিক্ত জেলা প্রশাসক
(শিক্ষা ও আইসিটি)
ভোলা।